

## করোনা ভাইরাস সংক্রমণ প্রতিহতকরণে বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশনের উদ্যোগ

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, করোনা (কোভিড-১৯) ভাইরাস সংক্রমণ প্রতিহতকরণে শিল্প মন্ত্রণালয়ের নির্দেশনা জারি করা হয়েছে। শিল্প মন্ত্রণালয়ের নির্দেশনার প্রেক্ষিতে করোনা (কোভিড-১৯) ভাইরাস সংক্রমণ প্রতিহতকরণে চিনি ও খাদ্য শিল্প করপোরেশন সদর দপ্তরসহ এর আওতাধীন সকল মিল ব্যবস্থাপনাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

করোনা ভাইরাস সংক্রমণরোধে বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন ও এর আওতাধীন মিল/প্রতিষ্ঠানে গৃহিত উদ্যোগ নিম্নরূপ:

### ১. কর্মক্ষেত্রে পরিচ্ছন্নতা নিশ্চিতকরণ

করোনা ভাইরাস সংক্রমণরোধে কর্মক্ষেত্রে পরিচ্ছন্নতা নিশ্চিত করার উদ্যোগ নিয়েছে বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন। এর অংশ হিসেবে নিয়মিত বিরতিতে হাত ধোয়া, হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার, আইইডিসিআর কর্তৃক নির্দেশিত পন্থায় হাঁচি-কাশি দেয়া, করমর্দন বা কোলাকুলি থেকে বিরত থাকা এবং জনসমাগম পরিহার করতে সদর দপ্তর ও এর আওতাধীন মিল/প্রতিষ্ঠানগুলোর কর্মকর্তা-কর্মচারীদের নির্দেশনা দেয়া হয়েছে। পাশাপাশি সকল দপ্তর ও বিভাগকে নিজ নিজ প্রাণাঙ্গ পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে বলা হয়েছে। সংক্রমণ প্রতিরোধে সাময়িকভাবে বায়োমেট্রিক হাজিরা পদ্ধতি স্থগিত করা হয়েছে।

### ২. কন্ট্রোল রুম স্থাপন

করোনার প্রাদুর্ভাবে উদ্ভূত যে কোনো পরিস্থিতি মোকাবেলায় তাৎক্ষণিকভাবে ব্যবস্থা নিতে করপোরেশন এবং এর আওতাধীন মিল/প্রতিষ্ঠানগুলোতে কন্ট্রোল রুম স্থাপন করা হয়েছে। মতিঝিলে অবস্থিত চিনি ও খাদ্য শিল্প করপোরেশনের সদর দপ্তরে ডা. মোঃ আব্দুল মান্নান, প্রধান মেডিক্যাল অফিসারকে ফোঁকাল পয়েন্ট মনোনীত করা হয়েছে। যে কোনো জরুরি প্রয়োজনে মোবাইল নম্বর ০১৭১৫-১৮১৬৫২ এ যোগাযোগ করতে বলা হয়েছে। চিনি ও খাদ্য শিল্প করপোরেশনের আওতাধীন সকল মিল/প্রতিষ্ঠান সমূহে চিকিৎসা কেন্দ্রের মেডিক্যাল অফিসারগণ তাঁর কার্যালয়ে কন্ট্রোল রুম চালু করে ফোঁকাল পয়েন্ট কর্মকর্তা নির্ধারণ করার নির্দেশনা দেয়া হয়েছে। এসব কন্ট্রোল রুমের ফোঁকাল পয়েন্টের তথ্য সদর দপ্তর সহ সংশ্লিষ্ট সবাইকে অবহিত করতে বলা হয়েছে।

### ৩. ঋক্ষাল স্ক্যানার ব্যবহার বাধ্যতামূলক

করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণরোধে রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইন্সটিটিউট (আইইডিসিআর) এর নির্দেশনা প্রতিপালনের পাশাপাশি শিল্প মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক চিনি ও খাদ্য শিল্প করপোরেশন এবং এর আওতাধীন মিল/প্রতিষ্ঠানগুলোতে অতিরিক্ত সতর্কতামূলক ব্যবস্থা নেয়া হয়েছে। এসব জায়গায় কর্মরত সকল কর্মীকে দেহের তাপমাত্রা পরিমাপক ঋক্ষাল স্ক্যানার ব্যবহারের মাধ্যমে শরীরের তাপমাত্রা পরীক্ষা করে কর্মক্ষেত্রে প্রবেশ করানোর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হয়েছে।

### ৪. সংগনিরোধ ছুটি

বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন ও এর আওতাধীন সকল প্রতিষ্ঠানগুলোতে কর্মরত কারো দেহের তাপমাত্রা স্বাভাবিকের বেশি হলে এবং সর্দি, কাশি, গলা ব্যথা ও শ্বাস প্রশ্বাসে সমস্যা থাকলে অর্থাৎ করোনা ভাইরাস সংক্রমণের উপসর্গ দেখা দিলে তাৎক্ষণিকভাবে তাকে বাধ্যতামূলক সংগনিরোধ ছুটি প্রদান করে চিকিৎসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা দেয়া হয়েছে।

### ৫. দাপ্তরিক সভা সীমিতকরণ

শিল্প মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণরোধে দাপ্তরিক সভা সীমিত করার নির্দেশনা জারি করেছে বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন। জরুরি প্রয়োজনে কোনো সভার প্রয়োজন হলে সেগুলো সার্কুলেশনের মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ করতে বলা হয়েছে। একই সাথে সংস্থার কর্মকর্তাদেরকেও কোনো প্রয়োজনে অফিস কক্ষে না ডেকে যথাসম্ভব ইন্টারকম, টেলিফোন, ই-মেইল ও ই-নথির মাধ্যমে যোগাযোগ করে কার্য সম্পাদনের অনুরোধ করা হয়েছে।

### ৬. চিকিৎসাকেন্দ্র কর্তৃক নির্দেশিকা প্রণয়ন

শিল্প মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক করোনা ভাইরাস সংক্রমণরোধে বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশনের প্রমিক, কর্মচারী, কর্মকর্তাদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে চিকিৎসা কেন্দ্র কর্তৃক এ সময়ে করণীয় নির্দেশিকা সংযুক্ত করা হয়েছে। একই সাথে মিল প্রতিষ্ঠান সমূহকে নিদেশানুযায়ী কার্য সম্পাদনের অনুরোধ করা হয়েছে।